

জ্ঞানমূলক:

১. বিশ্বকবির ওপর প্রাবন্ধিকের কী অভিযোগ ছিল?
২. মানুষের উৎপত্তি ও বিকাশ-সংক্রান্ত বিজ্ঞান কোনটি?
৩. "মৈমনসিংহ গীতিকা" কার সম্পাদনায় প্রকাশিত হয়?
৪. ফোকলোর কথার উদ্ভাবক কে?
৫. পল্লিসাহিত্য কাকে বলে?
৬. মনসুর বয়্যাতি কে?
৭. "দেওয়ানা-মদিনা" লোকগাঁথার নায়িকার নাম কী?
৮. পল্লিসাহিত্য কী কারণে বিস্মৃতির অতলগর্ভে হারিয়ে যাচ্ছে?
৯. বালাম কী?
১০. রোঁমা রোঁলা কোন দেশের?

অনুধাবনমূলক:

১. প্রবন্ধে 'স্বৈচ্ছাসেবক দল' বলতে কী বোঝানো হয়েছে?
২. 'পল্লির প্রত্যেক পরতে পরতে সাহিত্য ছড়িয়ে আছে' বলতে কী বোঝানো হয়েছে?
৩. 'বিশ্বকোষের মতো একে বালামেতার সংকুলান হতোনা' - কথাটি ব্যাখ্যা কর।
৪. নাগরিক মানুষদের কাছে ছাত্রের চিত্র কোনভাবে ধরা পড়ে?
৫. নাগরিক সাহিত্যের উপজীব্য কী? ব্যাখ্যা কর।
৬. পল্লিসাহিত্যের ক্ষেত্রে আমাদের পরিতাপের কারণ ব্যাখ্যা কর।

সৃজনশীল:

১. এ লেভেল পরীক্ষা শেষে মিতুবাবা-মা'র সঙ্গে গ্রামের বাড়ি বেড়াতে আসে। গ্রামে তখন পৌষ-মেলাবসেছে। মেলায় মিতুবাবার কণ্ঠে 'একটা ছিল সোনার কইন্যা, মেঘবরণ কেশ, ভাটি অঞ্চলে ছিল সেই কইন্যার দেশ' গানটি শুনে বিমোহিত হয়। সে তার বাবা-মা'কে জিজ্ঞাসা করে মা'এতদিন কেন আমি এ গানগুলো শুনিনি। এ গানগুলোই তো বড় আশুর্জছে তার খিসেসের জন্য। আমি এবার আপুর জন্য গানগুলো সংগ্রহ করে নিয়ে যাব।
 - ক) সরসপ্রাণের জীবন্ত উৎস কোনটি?
 - খ) আধুনিক শিক্ষার কর্মনাশা শ্রোতবলতে লেখক কী বুঝিয়েছেন?
 - গ) মিতুর এ গানগুলো শোনার কারণটি পল্লিসাহিত্য প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর।
 - ঘ) 'উদ্দীপকের মিতুই যেন ড. মুহম্মদ শহীদুল্লাহর চাওয়া পল্লিজননী রমনোযোগী সন্তান'-মন্তব্যটি বিশ্লেষণ কর।